গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কো-অর্ডিনেটরের কার্যালয়
যুব প্রশিক্ষণ কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।

স্মারক নং-৩৪.০১.৯১০০.০০৬.৩৮.০২২.১৯.০৯৭ তারিখ ঃ ১১/০৬/২৬ খ্রি.

## ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরের ২০২৬-২০২৭ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপুঞ্জি অনুযায়ী আগামী ০১/০৭/২০২৬খ্রি. তারিখ হতে ০৩ মাস মেয়াদী "গবাদিপ্রাণি, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স শুরু হবে। কোর্সের বিস্তারিত তথ্য নিম্নরূপ :

| নং | ট্রেডের নাম | সময়কাল | মেয়াদ | আসন সংখ্যা | কোর্স ফি ও জামানত | নূন্যতম শিক্ষাগত যোগ্যতা | স্ব-স্ব উপজেলায় দরখাস্ত জমাদানের শেষ তারিখ | স্ব-স্ব উপজেলায় স্বাক্ষাৎকারের তারিখ | ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | গবাদিপ্রাণি, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ। (আবাসিক) | ০১/০৭/২৬ হতে ৩০/০৯/২৬খ্রিঃ পর্যন্ত | ০৩ (তিন) মাস | ৫০ জন | ১০০/- (অফেরতযোগ্য) ও ১০০/- (ফেরতযোগ্য) | ৮ম শ্রেণী | ২৯/০৬/২০২৬ খ্রি. | ৩০/০৬/২০২৬ খ্রি. | ০১/০৭/২৬খ্রি. |

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি ঃ

(ক) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে সয়সসীমা শিথিলযোগ্য।

(খ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব নারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

(গ) এটুআই (a2i) এর সাথে যৌথভাবে NISE ভুক্ত জেলা হিসেবে অনলাইনে https:dyd.nise.gov.bd/courses লিংকে গিয়ে আবেদন করতে হবে।

(ঘ) স্ব-হস্তে পূরণকৃত আবেদন ফরম (১) নাম (বাংলা ও ইংরেজী), (২) পিতার নাম (বাংলা ও ইংরেজী), (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী), (৪) জন্ম তারিখ, (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স, (৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (৭) বর্তমান ঠিকানা, (৮) স্থায়ী ঠিকানা, (৯) শিক্ষাগত যোগ্যতা, (১০) ধর্ম, (১১) জেন্ডার বা লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে), (১৩) বিকল্প যোগাযোগ নম্বর, (১৪) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে), (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম (১৬) ভবিষ্যৎ পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

(ঙ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার ছায়ালিপি, (খ) জাতীয়তা পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। স্বাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজ এবং ০২ কপি স্ট্যাম্প সাইজের ছবি সংগে আনতে হবে। ভর্তির সময় নির্ধারিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Faceook আইডি, Whats app no ও ই- মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

(চ) ভর্তির আবেদন স্ব-স্ব উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার বরাবরে দাখিল করতে হবে।

(ছ) দলিত (সুইপার, ঋষি ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

প্রশিক্ষণের শর্তাবলী ঃ

(ক) বর্ণিত কোর্সটি আবাসিকভাবে পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীগণকে প্রচলিত নিয়মানুসারে খাবারের জন্য প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(ঘ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

(ঙ) প্রশিক্ষণকালীন সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

(এস, এম, ইমরোজ এরশাদ)
কো-অর্ডিনেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র
টিলাগড়, সিলেট

স্মারক নং-৩৪.০১.৯১০০.০০৬.৩৮.০২২.১৯.০৯৭ তারিখ ঃ ১১/০৬/২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ................................................, (সকল), সিলেট।
৩। অফিস কপি।
৪। নোটিস বোর্ড।

যোগাযোগ ঃ

মোঃ নুরুল আলম চৌধুরী
প্রশিক্ষক (মৎস্য)
যুব প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট
ফোন - ০১৭১২০৫১৫০৫

রবিউল্লাহ ভুইয়া
সিনিয়র প্রশিক্ষক (মৎস্য)
যুব প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট
ফোন - ০১৬৮৫২২০৯৭০

মোঃ খোরশেদ আলম
সিনিয়র প্রশিক্ষক (পশুপালন)
যুব প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট
ফোন - ০১৯২৮৩৪৪৬৮৯